

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নথি নং ৩৭.০০.০০০০.০৭৪.০৩০.০০১.২০১৭.৭১

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ  
১১ এপ্রিল ২০১৯ খ্রিস্টাব্দ


বিষয় : আইনগত ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: মনতাজুর রহমান, প্রতিষ্ঠান সরকারিকরণ বিভাগ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) নামে কথিত কর্মকর্তার স্বাক্ষরে গত ২৫.০২.২০১৯ তারিখের পত্র নং-০০৯.০০৩.০০৬৯ (৬) ২০১৯-সরকারী.০০.১(০২.১/০.০১.০০২) এর মাধ্যমে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (সরকারিকরণ), সিলেকশন কার্যক্রম ব্যানবেইস থেকে প্রদান করা হবে মর্মে ই-মেইলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে এবং বিকাশের মাধ্যমে টাকা দাবী করা হয়েছে। উক্ত ভূয়া পত্রের সাথে শিক্ষা মন্ত্রণালয় বা তার অধিনস্থ কোন দপ্তর বা প্রতিষ্ঠানের কোন সম্পৃক্ততা নেই। উল্লেখ্য, প্রতারক চক্রের এ কার্যক্রমে জনমনে বিভ্রান্তিসহ শিক্ষা মন্ত্রণালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ণ হচ্ছে। এ বিষয়ে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য ব্যানবেইস কর্তৃক লালবাগ থানায় জিডি করা হয়েছে।

২.০ উল্লেখ্য, জনাব মো: মনতাজুর রহমান, প্রতিষ্ঠান সরকারিকরণ বিভাগ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) নামে কথিত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত ভূয়া পত্রের অনুরূপ কোন অভিযোগ পাওয়া গেলে সাথে সাথে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান এবং মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের কর্মকর্তা এ বিষয়ে মামলা করাসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.০ এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ১ (এক) কপি

  
(মো: কামরুল হাসান)  
উপসচিব  
ফোন : ৯৫৪০৫১৭

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

শিক্ষা ভবন, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়

১. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।

২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।

✓ ৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

## গণবিজ্ঞপ্তি প্রতারক হতে সাবধান

সম্প্রতি লক্ষ করা যাচ্ছে যে, বিভিন্ন প্রতারক চক্র সরাসরি বা শিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর ও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের নাম ভাঙ্গিয়ে শিক্ষা প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন, সরকারিকরণ, এম.পি.ও.ভুক্তকরণ, পাঠদান, একাডেমিক স্বীকৃতি, শ্রেণি/শাখা খোলা, বিষয় ও বিভাগ খোলা এবং শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী বদলিসহ বিভিন্ন কাজ করিয়ে দেয়ার মিথ্যা আশ্বাস/লোভ দেখিয়ে স্কুল-কলেজসহ বিভিন্ন প্রতিষ্ঠানে ফোন, ই-মেইল, এস.এম.এস. করে বিকাশ, রকেটসহ বিভিন্ন মাধ্যমে টাকা দাবী করছে। কোন কোন ক্ষেত্রে তাদের পক্ষ হতে অধ্যক্ষ/প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের নিকট ব্যক্তিগতভাবেও যোগাযোগ করছে মর্মে বিভিন্ন সূত্রে জানা যাচ্ছে।

উল্লেখ্য, শিক্ষা মন্ত্রণালয়ের কোন কাজে টাকা প্রদানের প্রয়োজন নেই। শিক্ষা মন্ত্রণালয় সুনির্দিষ্ট বিধি-বিধানের ভিত্তিতে সেবা প্রদান করে থাকে, টাকার বিনিময়ে কোন কিছুই হওয়ার সুযোগ নেই। মন্ত্রণালয়ের কার্যক্রমের সকল তথ্যাদি মন্ত্রণালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে নিয়মিতভাবে প্রকাশ করা হয়ে থাকে।

এমতাবস্থায়, এ ধরনের প্রতারক চক্র বা শিক্ষা মন্ত্রণালয় এবং এর আওতাধীন কোন দপ্তর ও প্রতিষ্ঠানের কথিত কর্মকর্তা কর্তৃক ই-মেইল, এস.এম.এস., ফোন, চিঠিপত্র কিংবা তাদের ব্যক্তিগত যোগাযোগের ভিত্তিতে কাউকে কোন টাকা না দেয়ার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা হলো। তা ছাড়া সরকারি কোন ফি বিকাশ বা রকেটসহ এ জাতীয় কোন মাধ্যমে কখনো গ্রহণ করা হয় না। কেউ কোন ধরনের সুবিধা বা টাকা দাবী করলেই বুঝবেন এটা প্রতারণা। সাথে সাথেই এ ধরনের প্রতারকদের পুলিশে সোপর্দ করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

সোহরাব  
১৩.০৬.২০১৯  
(মোঃ সোহরাব হোসাইন)  
সিনিয়র সচিব